যুগান্তর

তারিখ : 13 JUN 2017 পৃষ্ঠা ৬ কলাম ৮

# কালিয়াকৈর ডিগ্রি কলেজ শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান এবারও

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার কালিয়াকৈর ডিগ্রি কলেজ জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৭ ও ১৬-তে পর পর দু'বার কালিয়াকৈর উপজেলায় কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। এ পর্যায়ে ২০১৭ সালে কলেজ পর্যায়ে মূল্যায়ন কমিটি ঘোষিত ও পুরস্কৃত শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠানপ্রধান ও শ্রেষ্ঠ শ্রেণীশিক্ষকের সম্মাননা স্মারকে ভূষিত হয়েছে।

কলেজ সূত্রে জানা যায়, সরকার প্রতি বছরই শিক্ষা মন্ত্রণালয়ের নেতৃত্বে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে দেশব্যাপী প্রতিটি উপজেলায় প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ওপর জরিপ ও মান যাচাই করে বিভিন্ন সূচকে নানামুখী কর্মযজ্ঞের বিজ্ঞানসম্মতভাবে মূল্যায়ন করছে। এ পর্যায়ে প্রতিষ্ঠানের প্রাচীনত্ব, ভূমির পরিমাণ, অবকাঠামোগত উন্নয়ন, সুদক্ষ শিক্ষক মণ্ডলী, কর্মকর্তা-কর্মচারী এবং মূলধারায় অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা, সমৃদ্ধ লাইব্রেরি, ফলাফল, আধুনিক প্রযুক্তিগত মাল্টিমিডিয়ার ব্যবহার মূল্যায়নের ক্ষেত্রে বিবেচনায় আনেন। শুধু তাই নয়, দেশকে জঙ্গিমুক্ত রাখার লক্ষ্যে এবং ছাত্রছাত্রীদের আত্মবিশ্বাস বাড়াতে ও ক্যারিয়ার গড়তে সহ-শিক্ষা কার্যক্রমের দিকটিও মূল্যায়নের আওতায় উঠে এসেছে। সরকার প্রতি বছর সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় দেশব্যাপী যে কর্মকাণ্ড পরিচালনা করছে তার ধারাবাহিক অনুশীলন ও কৃতিত্বের স্বাক্ষর অব্যাহত রাখছে এ কলেজটি।